বোরহানউদ্দিন উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা: বোরহানউদ্দিন জেলা: ভোলা

সভাপতি: আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ। রোজ: মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ১ থেকে ৫ বছর বয়সী সকল শিশুদেরকে ৪-১৭ অক্টোবার, ২০২০ পর্যন্ত স্ব-স্ব ওয়ার্ডে 'ভিটামিন এ' ক্যাপসুল খাওয়ানো হবে। উক্ত বিষয়ে ইউপি চেয়ারম্যান ও জনপ্রতিনিধিগণ স্থানীয় জনগণকে অবহিত করবেন। তিনি আরও জানান, ২৯টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ৯টি কমিউনিটি ক্লিনিক ব্যবহারের অনুপযোগী। উক্ত ৯টি কমিউনিটি ক্লিনিক ব্যবহারের উপযোগী করার জন্য জরুরি ভিত্তিতে সংস্কার প্রয়োজন। এই উপজেলায় ৯৭ জন করোনা আক্রান্তের মধ্যে ৯৭ জনই সুস্থ হয়েছে। বর্তমানে বোরহানউদ্দিন উপজেলায় করোনা আক্রান্ত কোনো রোগী নেই। সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন।	ক. ১-৫ বছর বয়সী সকল শিশুকে সামাজিক দূরত্ব বজায় রেখে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্র অথবা টিকাদান কেন্দ্র থেকে 'ভিটামিন-এ' ক্যাপসুল খাওয়ানো নিশ্চিত করতে হবে; খ. ব্যবহার অনুপযোগী ৯টি কমিউনিটি ক্লিনিক মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হবে।	১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২. উপজেলা প্রকৌশলী (এলজিইডি)
২.	**উপজেলা মৎস্য দপ্তর** উপজেলা পরিষদের চেয়ারম্যান বলেন, আগামী ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর, ২০২০ পর্যন্ত ২২ (বাইশ) দিন ইলিশের ভরা প্রজনন মৌসুম। এই সময় নদীতে সকল প্রকার মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন মাছ ঘাটে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন এ সভাপতিত্বে নিরুৎসাহীতকরণ সভা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া সকল বরফকল বন্ধের বিষয়ে বরফকল মালিকদের অনুকূলে পত্র প্রেরণ করা হয়েছে। বরফকলসমূহে উক্ত সময়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন করার বিষয়ে কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। স্থানীয় পর্যায়ের সকল বাজার এবং জনসমাগম ঘটে এরূপ স্থানে মাইকিং এর মাধ্যমে জনগণকে সচেতন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানের প্রতি অনুরোধ জানান।	১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর, ২০২০ পর্যন্ত ২২ (বাইশ) দিন ইলিশের ভরা প্রজনন মৌসুম। এই সময় নদীতে সকল প্রকার মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো। এ আইন অমান্যকারীর বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ৪. জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি ৫. আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লি. ৬. চেয়ারম্যান (সকল ইউপি)

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
০৩	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। আগামী মাসের প্রথম সপ্তাহে নীতিমালার আলোকে সুবিধাভোগী নির্বাচন করে সুপারিশকৃত বীর মুক্তিযোদ্ধা/ পরিবারের তথ্য জেলা প্রশাসক, ভোলা মহোদয় বরাবর প্রেরণ করা হবে।	ক. নীতিমালার আলোকে সরেজমিন তদন্তপূর্বক সুবিধাভোগী নির্বাচন করে তালিকা প্রণয়ন করবে।	উপজেলা সমাজসেবা অফিসার
৪	**উপজেলা কৃষি বিভাগ** বোরহানউদ্দিন উপজেলায় রাসরায়নিক সার, বীজ ও কীটনাশকের মজুদ রয়েছে। মাঠ পর্যায়ে আমন ধান রোপিত হয়েছে। তেমন কোন পোকামাকড়ের আক্রমন বা রোগ বালাই এর তথ্য পাওয়া যায়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	মাঠ পর্যায়ে উপ সহকারী কর্মকর্তাগণ নিরবিচ্ছিন্নভাবে কৃষকদের কারিগরি পরামর্শ প্রদান করবেন এবং ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন।	উপজেলা কৃষি অফিসার
৫.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী জানান, সকল ইউনিয়ন হতে এখন পর্যন্ত নলকূপের তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা দাখিলের জন্য সভায় অনুরোধ জানান।	ক. আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সকল ইউপি চেয়ারম্যান তালিকা দাখিল করবেন; খ. নির্মান কাজের গুণগতমান সঠিক রাখতে হবে।	১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ২. চেয়ারম্যান (ইউপি সকল)
৬.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত ছিলেন বিধায় সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরবর্তী সভায় ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৭	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত ছিলেন বিধায় সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি। এছাড়া অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান চলমান রয়েছে।	ক. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরবর্তী সভায় ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ. অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার (সকল)
৯	**প্রাথমিক শিক্ষা বিভাগ** উপজেলা শিক্ষা অফিসার জানান, বাংলাদেশ সংসদ টিভির মাধ্যমে প্রাথমিক শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান চলমান রয়েছে। তিনি আরও জানান যে, এ উপজেলার বেশি কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের জন্য বরাদ্দ চাহিদা দিয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বরাদ্দ পেলে মেরামতের কাজ করা যাবে।	ক. শিক্ষকগণ শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষা করবেন। যাতে শিক্ষার্থীরা টেলিভিশনের পাঠদান কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে এবং হোমওয়ার্ক সম্পন্ন করে। খ. প্রাথমিক বিদ্যালয় মেরামতের বরাদ্দ পাওয়া মাত্র মেরামতের কাজ শুরু করা হবে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
১০	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক বিষয় সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মোঃ সাইদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম চলমান করয়েছে।	১. বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর করতে ক্ষুদ্র ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	নিয়মিতভাবে সমবায় সমিতির কার্যক্রম ও অডিট সম্পাদনসহ সঠিক সমিতি নিবন্ধন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০১৯-২০২০ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সুষ্ঠু ও সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য জরুরি ভিত্তিতে চেয়ারম্যানদের নিকট স্কিম আহবান করা হয়। তিনি আরও জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত বর্ণালী, সুরভী, করবী, মৌসুমী, বিএডিসি ভবন এবং বিএডিসি গোডাউন ভবনসমূহ ঝুঁকিপূর্ণ এবং বসবাসের অনুপযোগী হওয়ায় ইতোপূর্বে পরিত্যাক্ত ঘোষণা করা হয়েছে এবং পরিত্যাক্ত ভবনসমূহ নিলামে বিক্রয়ের অনুমতির জন্য জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। জেলা কনডেমনেশন কমিটির সিদ্ধান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। বড়মানিকা ইউনিয়নে ৫০৯২১৪০৪৯ আইডিভুক্ত রাস্তায় এবং টবগী ইউনিয়নে ৫০৯২১২০০৬ আইডিভুক্ত রাস্তায় ২টি ব্রিজ অনুমোদন হওয়ার প্রেক্ষিতে উক্ত স্থানে অবস্থিত পূরাতন ও জরাজীর্ণ ব্রিজ নিলামের মাধ্যমে অপসারণ প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী উল্লেখ করেন।	ক. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নির্ধারিত সময়ের মধ্যে এডিপি স্কিম এর প্রস্তাব প্রেরণ করবেন; খ. পরিত্যাক্ত ভবনসমূহ জেলা কনডেমনেশন কমিটির সিদ্ধান্তের আলোকে নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়; গ. বর্ণিত স্থানের ব্রিজ নিলামে বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ উপজেলার রাজস্ব খাতে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২. ইউপি চেয়ারম্যান (সকল)
১৪	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় জানান, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	ক. আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে; খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৫	**প্রাণিসম্পদ অধিদপ্তর** উপজেলা পরিষদের চেয়ারম্যান জনান, দেশিয় মুরগীর চাহিদা থাকায় দেশি মুরগী পালনে গরীব ও অস্বচ্ছলদের উদ্বুদ্ধ করা যেতে পারে। ফলে যারা মুরগী পালন করবেন তারা আর্থিকভাবে সবলম্বী হবেন। গরীব-অসহায় পরিবার নির্বাচন করে তাদেরকে প্রশিক্ষণ, আর্থিক অনুদান প্রদান অথবা মুরগী বিতরণ করে তাদেরকে সাবলম্বী করা সম্ভব। এ বিষয়ে একটি প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান।	গ্রামীণ অসহায়-গরিব মহিলাদের আয় বৃদ্ধিতে দেশি মুরগী পালনে উদ্বুদ্ধ করা হবে এবং তাদেরকে মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ এবং আর্থিকভাবে সহায়তা প্রদান করা হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

মোঃ ...কুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১৬	**বিবিধ** ক. উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট ২০২০ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে আগস্ট-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে আগস্ট-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০-

তারিখ: কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ / অক্টোবর ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।